গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১৮.১৪.০০১.১৮-৩০

তারিখ: ২৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: Bangladesh Geographical Information System Platform (BGISP) কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২৭/৯/২০১৮ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মাহমুদা আকতার এর সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে Bangladesh Geographical Information System Platform (BGISP) কমিটির ৭ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৪/১০/১৮

(মো: আনোয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, A21, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ:আ: ড. মো. জিয়াউদ্দিন,পরামর্শক -উপসচিব)।
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব মো: আফজালুর রহমান, উপপরিচালক-জরিপ)।
৫। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (দৃ :আ: জনাব মোহাম্মদ জাকির হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, জিআইএস ইউনিট)।
৬। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল,ঢাকা (দৃ:আ: জনাব মো: শফিকুর রহমান, প্রোগ্রামার)।
৮। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব মো: মোশারফ হোসেন, সহকারী পরিচালক-জরিপ)।
৯। বিভাগীয় প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব মো: মাহমুদুর রহমান, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার)।
১১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব মো: নাঈম হাসান, সহকারী প্রোগ্রামার)।
১২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (ড. মরিয়ম আক্তার, সহকারী বন সংরক্ষক)।
১৩। চেয়ারম্যান, রাজউক, ঢাকা (দৃ: আ: জনাব আশিকুর রহমান, সহকারী নগর পরিকল্পনাবিদ)।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক-ভূতত্ত্ব)।
১৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: রিয়াজুর রহমান রাজন, উপবিভাগীয় প্রকৌশলী)।
১৭। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষনা কাউন্সিল (BARC), ফার্মগেট, ঢাকা (দৃ:আ: হাসান মো: হামিদুর রহমান, পরিচালক-কম্পিউটার ও জিআইএস)।
১৮। ব্যবস্হাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কারওরান বাজার, ঢাকা (দৃ:আ: জনাব কে এম খালিদ আহসান, সিনিয়র সিস্টেম এনালিষ্ট)।
১৯। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা (দৃ: আ: জনাব মো: ইকবাল আলম, সিস্টেম এনালিষ্ট)।
২০। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ:আ: জনাব দিলরুবা করিম, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা-ডিপিএস শাখা)।
২১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা (দৃঃ আঃ জনাব দিল বাহার আহমেদ, নগর পরিকল্পনাবিদ)।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা।
২৩। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (দৃ:আ: ড. শেখ মেহেদী মোহাম্মদ, যুগ্মপচালক)।

p.t.o. /2

২৪। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা (দৃ:আ: মোহা: মোস্তাফিজুর রহমান, সিনিয়র স্পেশালিস্ট, কোয়ালিটি ম্যানেজমেন্ট এন্ড পাবলিকেশন ডিভিশন)।

২৫। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (দৃ:আ: জনাব মুহাম্মদ সফি উল্যাহ, সহযোগী অধ্যাপক)।

২৬। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (দৃ:আ: অধ্যাপক ড. মো: শাহেদুর রশিদ)।

২৭। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা (দৃঃ আঃ ড. মো: মনিরুজ্জামান, অধ্যাপক)।

২৮। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

২৯। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা।

৩০। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

৩১। চেয়ারম্যান, WARPO, ৭২, গ্রীন রোড, ঢাকা (দৃ:আ: মো: হাসান শাহরিয়ার, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা)।

৩২। Country Director, World Bank Dhaka Office, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, পরামর্শক)।

৩৩। Country Director, ADB Dhaka Office, আগারগাঁও, ঢাকা।

৩৪। Country Director, UNDP Dhaka Office,ঢাকা।

৩৫। Representative, FAO Dhaka Office, বাড়ী নং-৩৭, সড়ক নং-০৮, ধানমন্ডী আ/এ, ঢাকা (দৃঃ আঃ জনাব রাশেদ জালাল, জিআইএস, বিশেষজ্ঞ)।

৩৬। Representative, UNFPA, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব মাহবুব-ই-আলম, সিনিয়র প্রোগ্রাম অফিসার)।

৩৭। পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

৩৮। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা ও সদস্য সচিব BGISP।

৩৯। উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৪০। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা **(পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হল)।**

৪১। জনাব এম সফিকুল ইসলাম, সাবেক অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৪২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৪৩। প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (State-4-Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।

৪৪। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা- শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

বিষয়ঃ Bangladesh Geographical Information System Platform (BGISP) কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাহমুদা আকতার<br>অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ<br>পরিকল্পনা মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭/০৯/২০১৮ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |

উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত ৬ষ্ঠ সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর সভাপতির অনুমতিক্রমে বিবিএস এর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর পরিচালক ও BGISP-র সদস্য সচিব জনাব ঘোষ সুবব্রত বিগত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

২। জনাব ঘোষ সুবব্রত সভায় জানান যে BGISP-র Guide Line সংক্রান্ত উপকমিটি ৭টি সভায় মিলিত হয়ে Guide Line এর একটি খসড়া প্রস্তুত করেছে। তিনি সভায় জানান যে ওয়েবসাইট ও লোগো উপকমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে Synesis IT নামক প্রতিষ্ঠানের মাধ্যমে একটি ওয়েবসাইট ও লোগো'র নমুনা তৈরী করেছে। তিনি সভাপতির অনুমতিক্রমে Synesis IT-র প্রতিনিধিকে তাদের তৈরী ওয়েবসাইট ও লোগো'র নমুনা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। Synesis IT'র -প্রতিনিধি সভায় নমুনা হিসাবে কয়েকটি লোগো'র Design এবং ওয়েবসাইটের Skeleton উপস্থাপন করেন। উপস্থাপন শেষে সভাপতি BGISP সংক্রান্ত Guide Line এবং Website ও Logo বিষয়ে সদস্যদের মতামত আহবান করেন।

৩। সভাপতি বিগত ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত নং- ৫(গ) অনুযায়ী BGISP'র খসড়া Guide Line এর বিষয়ে সকল সদস্য সংস্থা মতামত প্রেরণ করেছে কিনা জানতে চাইলে জনাব এ,এস,এম কামরুজ্জামান, উপপরিচালক, বিবিএস, জানান যে কোন সদস্য সংস্থার নিকট থেকে মতামত পাওয়া যায়নি। সভাপতি BGISP'র সকল সদস্য সংস্থা Focal Point কর্মকর্তার নাম প্রেরণ করেছে কিনা জানতে চাইলে তিনি জানান যে ২১টি সংস্থা থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম পাওয়া গিয়েছে। সভাপতি Guide Line এর খসড়ার বিষয়ে সদস্যদের মতামত সংগ্রহপর্বক তা Guide Line এ অন্তর্ভূক্ত করার জন্য উপকমিটিকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে সকল সদস্য সংস্থা এখনও ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রেরণ করেনি তাদেরকে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রেরণের জন্য পুনরায় পত্র দেয়া যেতে পারে।

৪। Synesis IT কর্তৃক প্রস্তুতকৃত ৪টি খসড়া লোগো সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর যুগ্মপরিচালক ড. শেখ মেহেদী মোহাম্মদ লোগোতে বাংলাদেশের ম্যাপ দেওয়া যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সহকারী অধ্যাপক জনাব রেজাউল রনি বলেন লোগোটি Branding হবে। তাই লোগো যত ছোট করা যায় এবং Symbolic করা যায় সে দিকে খেয়াল রাখতে হবে। তিনি আরও জানান যে লোগোতে বাংলাদেশের ম্যাপ সংযোজন করা হলে বাংলাদেশের সীমানা সঠিকভাবে বুঝা যাবে না। কেননা এতে সমুদ্রসীমা আসবে না।

৫। জনাব মো: আনোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও গাইড লাইন প্রস্তুতকরণ উপকমিটির সদস্য বলেন উপস্থাপিত Logo 1এর বাম দিকের Symbol ডান দিকেও দেয়া যেতে পারে। তবে ভিতরের লেখাটি Logo 2 এর ভিতরের লেখা থেকে নেওয়া যেতে পারে। জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বিবিএস এবং ওয়েবসাইট ও লোগো উপকমিটির সদস্য সচিব Logo 1এর বাম দিকের Symbol ও পুরনো Logo'র সমন্বয়ে একটি নতুন

লোগো তৈরী করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। জনাব মাহমুদুর রহমান, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, SPARRSO বলেন লোগো'র ব্যাক গ্রাউন্ড হিসেবে কোনো Polygon ব্যবহার করা যেতে পারে। ভূ-তাত্তিক জরিপ অধিদপ্তরের পরিচালক জনাব আব্দুল আজিজ পাটোয়ারী লোগোর লেখার Font গুলো Polygon দিয়ে লেখা যেতে পারে মর্মে অভিমত প্রকাশ করেন। এ ব্যাপারে SPARRSO ও ভূ-তাত্তিক জরিপ অধিদপ্তরের প্রতিনিধিকে লোগো'র জন্য আলাদা আলাদা Theme প্রেরণ করার জন্য সভায় অনুরোধ করা হয়। জনাব বিকাশ কিশোর দাস, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ Logo 1 এর Symbol এবং Logo 2 এর লেখার সমন্বয়ে একটি নতুন লোগো তৈরী করা যায় কিনা এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জনাব জাকির হোসাইন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে Logo 2 এর GIS লেখাটি Logo 1 এর মাঝখানে স্থাপন করা যেতে পারে।

৬। জনাব মো: জাহিদুল হক সরদার, পরিচালক সেন্সাস উইং এবং প্রকল্প পরিচালক Stat 4Dev. বলেন BGISP এর Website টি মানসম্মত হওয়া উচিত। তিনি আরো বলেন BGISP'র পৃথক একটি Web portal তৈরীর পরিকল্পনা রয়েছে। তবে আর্থিক অপ্রতুলতার কারণে প্রথমে Website টি তৈরী করা হচ্ছে। ড. ফরিদা পারভিন RS & GIS বিশেষজ্ঞ, এশীয় উন্নয়ন ব্যাংক, Website এ কী ধরনের ডাটা থাকবে তা জানতে চান। জনাব কে.এম. খালিদ হাসান সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ঢাকা ওয়াসা ও ওয়েবসাইট উপকমিটির সদস্য Website-এ কী ধরনের ডাটা কী ফরমেটে রাখা যেতে পারে তার সংক্ষিপ্ত ব্যাখ্যা দেন। তিনি বলেন নির্দিষ্ট সময়ের জন্য কোনো সংস্থার ডাটা PDF ফরমেটে Website এ আপলোড করা যেতে পারে। পরবর্তীতে যে Web portal তৈরী হবে তাতে GIS এর Live Data Upload করার সুযোগ থাকবে। জনাব রেজাউল রনি এ বক্তব্য সমর্থন করে বলেন বর্তমানে PDF ভার্সন upload করার option রাখা যেতে পারে। পরবর্তীতে Web portal এ সকল প্রকার GIS ডাটা upload করার ব্যবস্থা রাখা হবে। কৃষি সম্প্রসারন অধিদপ্তরের প্রতিনিধি.বেগম শাম্মী আখতার বলেন ওয়েবসাইটে Search করে বিভিন্ন ডাটা দেখার সুযোগ রাখা যেতে পারে। জনাব হাসান হামিদুর রহমান, পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ (BARC) বলেন ওয়েবসাইটে কী ধরনের ডাটা আছে Search করে তা দেখার সুযোগ রাখা উচিত। এখানে মেনু বা সাবমেনু এক হবে কিনা সেটাও দেখা দরকার। তিনি বলেন প্রস্তুতকৃত ওয়েবসাইটের skeleton টি ওয়েবসাইট আকারে রাখা হলে তা দেখে সকলে মতামত দিতে পারবেন। তিনি মেন্যুতে Advance Search নামে অপশন রাখার বিষয়েও মতামত দেন। তিনি আরো বলেন Menu তে প্রদত্ত about GIS এর স্থলে about BGISP রাখা যেতে পারে। তিনি সংস্থাসমূহের নাম alphabetic order এ এবং number of data Sheet- numeric order এ রাখলে ভালো হয় মর্মে মতামত দেন। BARC এর প্রতিনিধি Organization Profile এর সাথে icon রাখার প্রস্তাব করেন এবং যারা ওয়েবসাইটটি ভিজিট করবে তাদের track record রাখা যেতে পারে মর্মে উল্লেখ করেন। তিনি BARC তে জিআইএস ডাটা Shape file open করার বিষয়ে উল্লেখ করে বলেন sign up করার জন্য কিছু তথ্য দেওয়া প্রয়োজন ; যেমন- E-mail address। জনাব রেজাউল রনি এ বিষয়ে বলেন, sign up option কোথায় রাখা হবে সেটা নিয়ে বিতর্ক রয়েছে। শুধুমাত্র ডাটা download করার ক্ষেত্রে signup option রাখা যেতে পারে। ওয়েবসাইট উপকমিটির সভায় এরুপ সিদ্ধান্ত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। শুধুমাত্র browse করার ক্ষেত্রে sign up করার প্রয়োজন নেই মর্মে তিনি মতামত দেন। Synesis IT এর প্রতিনিধি জনাব জিয়াউর রহমান এ প্রসঙ্গে বলেন এখন কেবল Demo দেখানো হচ্ছে। আরো কিছু ডাটা সংগ্রহ করে ওয়েবসাইটে সংযুক্ত করার পর অনলাইনে দেয়া হবে। এখন Demo অনলাইনে দেয়া হলে পরবর্তীতে এটা পরিবর্তন করা কষ্টকর হবে। জনাব মো: জাকির হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি বলেন, ওয়েবসাইট উপকমিটিতে ওয়েবসাইট তৈরী করার বিষয়ে বিস্তারিত আলোচনার পর Skelatonটি তৈরী করা হয়েছে। ওয়েবসাইটের উন্নয়নে উপকমিটির আরো কাজ করার সুযোগ রয়েছে। তবে যারা এ বিষয়ে মতামত দিতে ইচ্ছুক তারা ই-মেইলের মাধ্যমে মতামত প্রদান করলে উপকমিটি এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারে। জনাব কে.এম. খালিদ হাসান বলেন এ সভার সদস্যদের মতামত ও পরবর্তীতে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে একটি সমৃদ্ধ ওয়েবসাইট তৈরীপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে। জনাব মো: মোস্তাফিজুর রহমান, জিআইএস বিশেষজ্ঞ CEGIS বলেন, ওয়েবসাইটে সংযুক্ত ডাটাকে GIS data না বলে Meta data বলা যেতে পারে। জনাব চন্দ্র শেখর রায় বলেন PDF file upload এর নিমিত্ত ছোট একটি Menu রাখা যেতে পারে।

৭। জনাব এম সফিকুল ইসলাম, প্রাক্তন অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন ওয়েবসাইটটির Skeleton প্রস্তুতকারী Vendor ঠিক থাকলে অন্যান্যদের পরামর্শ গ্রহণ করে উপকমিটি ওয়েবসাইটটি চূড়ান্ত করে পরবর্তীতে অনুমোদনের জন্য BGISP-র মূল কমিটির নিকট উপস্থাপন করতে পারে। তিনি আরও বলেন যে ডাটা দেওয়ার ব্যাপারে সকলকে উদার হতে হবে এবং ওয়েবসাইটের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রাখতে হবে। তিনি জিআইএস বিষয়ক সকল সরকারী ও বেসরকারী

সংস্থাকে এ platform এর সাথে সংযুক্ত করার উপর গুরুত্বারোপ করেন এবং OSM Foundation-কে BGISP-র সদস্য করার প্রস্তাব করেন। পানিসম্পদ পরিকল্পনা সংস্থার (WARPO) উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব হাসান শাহরিয়ার Meta data রাখার ক্ষেত্রে সংস্থাভিত্তিক রাখা হবে কিনা জানতে চাইলে Synesis IT-র প্রতিনিধি জনাব হাসানুজ্জামান ফুয়াদ জানান যে ওয়েবসাইটের নিরাপত্তার জন্য যা যা করা দরকার তার সকল ব্যবস্থা থাকবে। সভাপতি BGISP-র ওয়েবসাইট update করার সুযোগ থাকা এবং ওয়েবসাইটের নিরাপত্তার বিষয়ে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক) Guide Line এর খসড়ার বিষয়ে সকল সদস্য সংস্থার মতামত সংগ্রহপূর্বক তা Guide Line এ অন্তর্ভূক্ত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

খ) BGISP'র ওয়েবসাইট সংক্রান্ত skeleton এর বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত ও পরবর্তীতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট উপকমিটি উপস্থাপিত skeleton টি সংশোধন করে BGISP'র Website এর চুড়ান্ত Structure প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করবে।

গ) BGISP ওয়েবসাইটে সংস্থাসমূহের নাম alphabetic order এ এবং number of data Sheet- numeric order এ দিতে হবে।

ঘ) ওয়েবসাইটের Menu-তে about GIS-র স্থলে about BGISP প্রতিস্থাপন করতে হবে।

ঙ) SPARRSO ও ভূ-তাত্তিক জরিপ অধিদপ্তর ১০ কার্যদিবসের মধ্যে BGISP'র logo'র theme ওয়েবসাইট ও লোগো প্রস্তুতকরণ সংক্রান্ত উপকমিটির নিকট ই-মেইল যোগে প্রেরণ করবে। অন্য কোন সংস্থাও BGISP'র logo'র theme সংশ্লিষ্ট উপকমিটির নিকট ই-মেইল যোগে প্রেরণ করতে পারবে।

চ) যে সকল সদস্য সংস্থা এখনও ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রেরণ করেনি তাদেরকে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রেরণের জন্য পত্র দিতে হবে।

ছ) OSM Foundation-কে BGISP-র সদস্য হিসেবে কো-অপ্ট করা হল।

৯। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

স্বাক্ষরিত/-
তারিখ: ১১/১০/২০১৮
( মাহ্‌মুদা আকতার )
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ